সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি
ডাইরি নং.....................
তারিখ...০৬/০৯/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনএএস শাখা
www.rthd.gov.bd

## এপিএ ২০২১-২২ এর অগ্রগতি পর্যালোচনা সভা'র কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী**<br>অতিরিক্ত সচিব (বাজেট) ও এপিএ টিম প্রধান<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| স্থান | : | সভাকক্ষ<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৪.০৮.২০২১ খ্রিষ্টাব্দ |
| সময় | : | বেলা ১১.০০ টা |
| উপস্থিতি | : | **পরিশিষ্ট 'ক'** |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। প্রারম্ভিক বক্তব্যে বিগত অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে যেসব চ্যালেঞ্জ মোকাবেলা করতে হয়েছিল সেগুলো বিবেচনায় রেখে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য তাগিদ প্রদান করা হয়। গত বছরের তুলনায় এ বছর কর্মসম্পাদন চুক্তির সূচক নির্ধারণে অধিকতর সাবধানতা অবলম্বন করা হয়েছে, তৎপ্রেক্ষিতে চলতি বছরের শুরু হতেই লক্ষ্যমাত্রা অর্জনে একাগ্রভাবে কাজ করতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (অডিট) সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

### ১. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর-২০২১সংস্থার /২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি )APA) এর অগ্রগতি পর্যালোচনাঃ

**কৌশলগত উদ্দেশ্য সমূহ**

দপ্তর/সংস্থার নামঃ সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ১০০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | [১.১.৩] বাস্তবায়িত আশুগঞ্জ নদী বন্দর-সরাইল-ধরখার-আখাউরা-স্থলবন্দর মহাসড়ক ৪-লেনে উন্নীত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৪২ | ৩১.৩২ |
| | [১.১.৪] চট্টগ্রাম-রাঙ্গামাটি জাতীয় মহাসড়কের হাটহাজারি হতে রাউজান সড়কাংশ ৪-লেনে উন্নীত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৭৫ | ৫৫ |
| | [১.১.৫] সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট- তামাবিল মহাসড়ক চার লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন নির্মাণ প্রকল্পের আওতায় | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৫০ | ৩২.৭২ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ১০০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণের জন্য অর্থ প্রদানকৃত | | | | | |
| [১.৪] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৪.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | সমষ্টি | কিমি | ২ | ৭৫০ | |
| [১.৫] মহাসড়ক সার্ফেসিং | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | সমষ্টি | কিমি | ২ | ২০৫০ | |

**আলোচনাঃ** ফোকাল পয়েন্ট, সওজ জানান, অর্থবছরের শুরুতে বরাদ্দ ছাড় কম হওয়ায় কাজের অগ্রগতি একটু মন্থর থাকে। তবে এ বছর সংশ্লিষ্ট সকলকে স্থিরকৃত লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় সম্পর্কে বছরের শুরুতেই প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। তাই এ বছর এপিএ ২০২১-২২ এ বর্ণিত সওজ অংশের সকল সূচকে আশানুরূপ ফল অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এপিএ টিমের সদস্য জনাব সুলতানা ইয়াসমীন, উপসচিব (ডিএফডিপি) বলেন, যে সকল সূচকে বিগত বছরের অর্জনের সাথে এ বছরের লক্ষ্যমাত্রার ব্যবধান বেশি, সে সকল সূচকে লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সাপেক্ষে যথাসাধ্য চেষ্টা করতে হবে।

**সিদ্ধান্তঃ** স্থিরকৃত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে এবং সংস্থার পক্ষ থেকে প্রয়োজনীয় মনিটরিং অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়নকারীঃ** এপিএ টিম প্রধান, সওজ অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক (সকল), সওজ অধিদপ্তর।

দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ১০০% | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [২.১] পেশাদার চালকদের রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান | [২.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত রিফ্রেশার পেশাদার চালক | সমষ্টি | সংখ্যা (হাজার) | ২ | ৬০ | করোনাকালীন সময়ে অফিস বন্ধ থাকায় কোন প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হয়নি |

**আলোচনাঃ** ফোকাল পয়েন্ট বিআরটিএ জানান যে, করোনা মহামারীর কারণে প্রশিক্ষণ কার্যক্রম ১১ আগস্ট ২০২১ পর্যন্ত বন্ধ ছিল। কিন্তু সরকারী বিধি নিষেধ শিথিল হওয়ার পর ঢাকা জেলায় প্রশিক্ষন কার্যক্রম চালু হয়েছে। পর্যায়ক্রমে দেশের অন্যান্য জেলায়ও এ কার্যক্রম পুনরায় চালু করা হবে। তাই নির্দিষ্ট সময়ের পূর্বেই লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ** স্বাস্থ্যবিধি মেনে সারাদেশে প্রশিক্ষণ কার্যক্রম চালু করে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে কাজ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** চেয়ারম্যান, বিআরটিএ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| [৫.৩] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [৫.৩.১] ডিজিটাল রেজি: সার্টিফিকেট (ফিংগার প্রিন্ট গ্রহণের পর) প্রদানের জন্য গৃহীত সময় | গড় | দিন | ২ | ৩৫ | করোনাকালীন সময়ে অফিস বন্ধ থাকায় কোন রেজিস্ট্রেশন ফিংগার প্রিন্ট গ্রহণ করা হয়নি |

**আলোচনাঃ** ফোকাল পয়েন্ট, বিআরটিএ জানান যে, সংশ্লিষ্ট সকলকে এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করা যায় চলতি অর্থবছরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জিত হবে।

**সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০% | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| **বাস্তবায়নকারীঃ** চেয়ারম্যান, বিআরটিএ। | | | | | | |
| [৫.৪] যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [৫.৪.১] নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট প্রদানের জন্য গৃহীত সময় | গড় | দিন | ২ | ২ | করোনাকালীন সময়ে অফিস বন্ধ থাকায় কোন ফিটনেস প্রদান করা হয়নি |
| **আলোচনাঃ** ফোকাল পয়েন্ট, বিআরটিএ জানান যে, সংশ্লিষ্ট সকলকে এ সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করা যায় চলতি অর্থবছরে স্থিরকৃত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জিত হবে। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** চেয়ারম্যান, বিআরটিএ। | | | | | | |
| [৫.৫] মোটরযান কর ও ফি আদায় | [৫.৫.১] ডিজিটাল পদ্ধতিতে মোটরযান কর ও ফি আদায়ের প্রবৃদ্ধি | গড় | শতাংশ | ২ | ৬.৭ | ৩৮.৯০ কোটি টাকা আদায় হয়েছে। করোনাকালীন সময়ে অফিস বন্ধ থাকায় কোন প্রবৃদ্ধি অর্জিত হয়নি |
| **আলোচনাঃ** ফোকাল পয়েন্ট, বিআরটিএ বলেন, অসাধারণ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে ডিজিটাল পদ্ধতিতে মোটরযান কর ও ফি আদায়ের প্রবৃদ্ধি ৬.৭% অর্জন করতে হলে ১৬০০ কোটি টাকা আদায় করতে হবে এবং প্রতিমাসে ১৩৪ কোটি টাকা আদায় করতে হবে। করোনা কালীন মহামারীর সময়ে এ পরিমাণ অর্থ আদায় করা কষ্টসাধ্য হবে। তাই এপিএ সংশোধনের সময় উল্লিখিত সূচকের বিষয়ে লক্ষ্যমাত্রা কমিয়ে পুনঃ নির্ধারণ করা প্রয়োজন হবে। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** বাস্তব পরিস্থিতি বিবেচনা করে উক্ত সূচকের লক্ষ্যমাত্রা সংশোধনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ করতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। | | | | | | |

দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ ১০০% | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [২.৩] ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত জনবল | সমষ্টি | সংখ্যা | ২ | ৮০০০ | ২৬৩৮ |
| [৪.১] বিআরটিসি'র বাস ও ট্রাক বহরের মাধ্যমে যাত্রী ও পণ্য পরিবহন | [৪.১.১] পরিবহনকৃত যাত্রী | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | ৫০০ | ৫৬.৭৭ |
| | [৪.১.২] পরিবহনকৃত পণ্য | সমষ্টি | পরিমান (হাজার টন) | ২ | ৫৫০ | ৮৬.২০ |
| **আলোচনাঃ** চলতি অর্থবছরের এপিএতে উল্লিখিত সূচকসমূহে লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে ফোকাল পয়েন্ট, বিআরটিসি আশাবাদ ব্যক্ত করেন। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** বিগত বছরের তুলনায় এ বছর অর্জনযোগ্য লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। সেহেতু সকল সূচকের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে বছরের শুরুতেই কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** চেয়ারম্যান, বিআরটিসি। | | | | | | |

দপ্তর/সংস্থার নামঃ বাংলাদেশ পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০% | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [২.৭] ঢাকার সড়ক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ওয়ার্ক জোন সেফটি এন্ড মবিলিটি গাইড লাইন প্রস্তুতকরণ | [২.৭.১] প্রস্তুতকৃত গাইড লাইন | তারিখ | তারিখ | ১ | ৩১.১২.২১ | |
| [৫.১] বাস রুট র‌্যাশনালাইজেশন এর জন্য বাস টার্মিনাল/ ডিপোর সম্ভাব্যতা সমীক্ষা | [৫.১.১] খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ | তারিখ | তারিখ | ২ | ৩০.০৯.২১ | |
| **আলোচনাঃ** উল্লিখিত সূচকসমূহে নির্ধারিত সময়ের পূর্বে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে ফোকাল পয়েন্ট, ডিটিসিএ সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** অধিকতর আন্তরিকতার সাথে কাজ করে যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** নির্বাহী পরিচালক, ডিটিসিএ। | | | | | | |

দপ্তর/সংস্থার নামঃ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ ১০০% | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৮ | ১৩ |
| [৩.১] Mass Rapid Transit (Line-6) নির্মাণ | [৩.১.১] Mass Rapid Transit (Line-6) নির্মিত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ২ | ৯০ | ৬৭.৭৩ |
| [৩.২] Mass Rapid Transit (Line-1) নির্মাণ | [৩.২.১] ভূমি অধিগ্রহণকৃত (পিতলগঞ্জ ডিপো) | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৯৫ | ৮২ |
| | [৩.২.২] নির্মাণ কাজ তত্ত্বাবধায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগকৃত | তারিখ | তারিখ | ১ | ৩১.০৫.২২ | |
| | [৩.২.৩] ডিপোর ভূমি উন্নয়নের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগকৃত | তারিখ | তারিখ | ১ | ৩১.০৫.২২ | |
| [৩.৩] Mass Rapid Transit (Line-5): Northern Route নির্মাণ | [৩.৩.১] ভূমি অধিগ্রণকৃত (হেমায়েতপুর ডিপো) | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ২ | ৫৫ | ৫ |
| | [৩.৩.২] ডিটেইলড ডিজাইন সম্পন্নকৃত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৫০ | ৮.৩০ |
| [৩.৪] Mass Rapid Transit (Line-5): Southern Route [পিআরএফ-প্রজেক্ট রিডিনেস ফাইন্যান্সিং] নির্মাণ | [৩.৪.১] ফিজিবিলিটি স্টাডি সম্পন্নকৃত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৭০ | ১০ |
| | [৩.৪.২] বেসিক ডিজাইন সম্পন্নকৃত | ক্রমপুঞ্জিভূত | শতাংশ | ১ | ৫০ | ১৮ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| [৩.৫] Detailed Design, Construction, Operation & Maintenance of MRT Line-2 | [৩.৫.১] প্রিলিমিনারি স্টাডি সম্পন্নকৃত | তারিখ | তারিখ | ১ | ৩১.০৫.২২ | ৬২ |
| **আলোচনাঃ** সভায় সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, মেট্রোরেল প্রকল্পের লাইন-৬ এর রেল চলাচলের পরীক্ষামূলক কার্যক্রম চলমান থাকায় ডিএমটিসিএল প্রতিনিধি সভায় উপস্থিত থাকতে পারেন নি। ই-মেইলে চলতি মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি অবহিত করে ২০২১-২২ অর্থবছরে উল্লিখিত সূচকসমূহে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে ফোকাল পয়েন্ট, ডিএমটিসিএল এ বিভাগকে আশ্বস্ত করেন। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতার সাথে কাজ করে সকল সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকত হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** প্রকল্প পরিচালক (সকল), ডিএমটিসিএল। | | | | | | |

মন্ত্রণালয়/বিভাগের নামঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | অসাধারণ লক্ষ্যমাত্রা ১০০% | চলতি মাস পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৮ | ১৩ |
| [৩.২] প্রশিক্ষণ কার্যক্রম তদারকি | [৩.২.১] প্রশিক্ষণ সেশনসমূহ পরিবীক্ষিত | সমষ্টি | সংখ্যা | ২ | ১৮ | |
| **আলোচনাঃ** সভায় সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ০৬ (ছয়) সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক আগামী ৩১.১২.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম তদারকির মাধ্যমে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** ৩১.১২.২০২১ খ্রিঃ তারিখের মধ্যে গঠিত কমিটির সদস্যগণ কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম তদারকি সম্পন্ন করতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। | | | | | | |
| [৪.২] উন্নয়ন কার্যক্রম তদারকি | [৪.২.১] মনিটরিং টিমের ভিজিট | সমষ্টি | সংখ্যা | ২ | ৬০ | |
| **আলোচনাঃ** সভায় সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, ২০২০-২১ অর্থবছরে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। তাই এ বছরে উল্লিখিত সূচকে লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং টিমের প্রধান বরাবর পত্র দিয়ে মনিটরিং কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা যায়। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** এ বিভাগের ২০টি মনিটরিং টিমকে কমপক্ষে ৪টি করে মনিটরিং রিপোর্ট দাখিল করার জন্য পত্র দিয়ে অনুরোধ করতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** মনিটরিং টিম প্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। | | | | | | |
| [৪.৪] প্রশিক্ষণ প্রতিষ্ঠান শক্তিশালীকরা | [৪.৪.২] সমসাময়িক বিষয়ে বিশেষ লার্নিং সেশন আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১ | ১২ | |
| **আলোচনাঃ** সভায় সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান যে, করোনা প্রভাবের কারণে জুলাই/২১ মাসে লার্নিং সেশন আয়োজন করা সম্ভব হয়নি। এ মাসে ২৬.০৮.২০২১ তারিখ প্রথম লার্নিং সেশন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | | | | | | |
| **সিদ্ধান্তঃ** অসাধারন লক্ষ্যমাত্রায় উল্লিখিত সংখ্যক লার্নিং সেশন আয়োজন করে এ সূচকে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চত করতে হবে। | | | | | | |
| **বাস্তবায়নকারীঃ** সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। | | | | | | |

## আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

### সংযোজনী ৫: মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নাম: **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**আলোচনাঃ** এ বিভাগের উপসচিব (জিএফডিপি-ওয়েস্ট) বলেন যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ তে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত সূচকসমূহের মধ্যে বেশিরভাগ সূচকে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। শুধুমাত্র "[২.৪] প্রকল্পের সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি

মোতাবেক হস্তান্তর করা" সূচকটির লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অধিকতর আন্তরিকতা নিয়ে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

**সিদ্ধান্তঃ** "[২.৪] প্রকল্পের সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা" সূচকটির লক্ষ্যমাত্রা অর্জনে চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পগুলোর সম্পদের বিধি মোতাবেক হস্তান্তর নিশ্চিত করতে এখন থেকেই প্রকল্প পরিচালকদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** এপিএ টিম প্রধান, সওজ অধিদপ্তর এবং প্রকল্প পরিচালক (সকল)।

## সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২

**আলোচনাঃ** এপিএ ২০২১-২২ এ বর্ণিত ই-গভর্ন্যান্স ও

উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে উপসচিব (টোল ও এক্সেল) সভাকে অবহিত করেন।

**সিদ্ধান্তঃ** সংযোজনী-৬ এ উল্লিখিত সূচক সমূহের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** উপসচিব (টোল ও এক্সেল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

## সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২১-২২

**আলোচনাঃ** এপিএ ২০২১-২২ এ বর্ণিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার সকল সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে এ বিভাগের যুগ্মসচিব (এমআরটি অধিশাখা) আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ** অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর সকল সূচকের জন্য স্থিরকৃত অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনে নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** যুগ্মসচিব (এমআরটি অধিশাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

## সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২

**আলোচনাঃ** এপিএ ২০২১-২২ এ বর্ণিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার সকল সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব (অডিট) আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ** সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এ উল্লিখিত সকল সূচকের জন্য নির্ধারিত অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

## সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা

**আলোচনাঃ** এপিএ ২০২১-২২ এ বর্ণিত তথ্য অধিকার বিষয়ে কর্মপরিকল্পনার সকল সূচকে অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে এ বিভাগের উপসচিব (আইন) আশাবাদ ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ** তথ্য অধিকার বিষয়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়নকারীঃ** উপসচিব (আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

২.	আলোচ্যসূচিতে আর কোন বিষয় অর্ন্তভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/=
০২.০৯.২০২১
মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী
অতিরিক্ত সচিব (বাজেট) ও এপিএ টিম প্রধান
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং-৩৫.০০.০০০০.০৪৯.১৬.০০২.২০-৬৯	তারিখঃ ২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

১.	সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.	প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩.	নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, দক্ষিণ নগর ভবন, ঢাকা।
৪.	চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
৫.	চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা।
৬.	ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Mass Transit Company Limited (DMTCL), প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৭.	ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, হাউজ নং-৪, রোড নং-২১, সেক্টরঃ ৪, উত্তরা, ঢাকা-১২৩০
৮.	অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৯.	যুগ্মসচিব, এমআরটি অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১০.	উপসচিব (জিএফডিপি-ওয়েস্ট, বাজেট, ডিএফডিপি, টোল ও এক্সেল, আইন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১.	সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২.	সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৩.	সিনিয়র সহকারী সচিব (কার্যক্রম ও এডিপি, অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪.	অফিস কপি।

০৫.০৯.২০২১
(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৫৫২৮
ই- মেইল : dsaudit@rthd.gov.bd